

কেশবপুর উপজেলা সিএসও-এর মাধ্যমে পারিবারিক দ্বন্দ্ব মীমাংসা...

পুষ্পিতা দাস ও তার স্বামী বিপুল দাস দীর্ঘদিন ধরে পারিবারিক দ্বন্দ্ব জড়িয়ে ছিলেন। তাদের সংসারে একটি চার বছর বয়সী কন্যাসন্তান রয়েছে। পুষ্পিতা হৃদযন্ত্রের স্পটজনিত রোগে আক্রান্ত হওয়ায় তিনি শারীরিকভাবে দুর্বল থাকতেন এবং নিয়মিতভাবে গৃহস্থালির কাজ করতে পারতেন না। অপরদিকে বিপুল দাস একজন ভ্যানচালক হওয়ায় তার আয় সীমিত ছিল, ফলে সংসারের প্রয়োজনীয় খরচ যোগাতে প্রায়ই সমস্যার সৃষ্টি হতো। এই আর্থিক সংকট ও শারীরিক সীমাবদ্ধতা ধীরে ধীরে তাদের দাম্পত্য জীবনে দ্বন্দ্বের প্রধান কারণ হয়ে ওঠে। পুষ্পিতা তিন ভাইয়ের একমাত্র বোন এবং পরিবারের আদরের সন্তান। অপ্রাপ্তবয়স্ক অবস্থায় মাত্র ১৪ বছর বয়সে অষ্টম শ্রেণিতে পড়াকালীন তার বাল্যবিবাহ সম্পন্ন হয়। বিয়ের পর স্বশ্রুতবাড়িতে গৃহস্থালির কাজ ঠিকভাবে করতে না পারার কারণে স্বশ্রুত, শাশুড়ি, দেবর এবং স্বামীর সঙ্গে তার নিয়মিত ঝগড়া ও মনোমালিন্য চলতে থাকে। সময়ের



সঙ্গে সঙ্গে এই পরিস্থিতি আরও অবনতির দিকে যায় এবং প্রায় সাত মাস ধরে তাদের পারিবারিক দ্বন্দ্ব চলমান থাকে, যা এক পর্যায়ে তালকের সিদ্ধান্ত পর্যন্ত গড়ানোর আশঙ্কা তৈরি করে। এই পরিস্থিতিতে পুষ্পিতার পরিবার কেশবপুর উপজেলা সিএসও-এর মাধ্যমে রিইব অফিসে পারিবারিক দ্বন্দ্ব মীমাংসা ও তালক সংক্রান্ত একটি আবেদন করে। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে কেশবপুর উপজেলা সিএসও সক্রিয়ভাবে হস্তক্ষেপ করে এবং উভয় পক্ষকে আলোচনার জন্য আহ্বান জানায়। অদ্য ইং ২২/১২/২০২৫ তারিখে উপজেলা সিএসও সভাপতি জনাব হারুনুর রশিদ বুলবুলের নেতৃত্বে উভয় পক্ষের বক্তব্য ধৈর্য ও মনোযোগের সঙ্গে শোনা হয়। আলোচনার সময় দুই পক্ষের মধ্যে তর্ক-বিতর্ক হলেও সিএসও সদস্য ও রিইব-হোপ টিম নিরপেক্ষতা বজায় রেখে পারিবারিক, সামাজিক ও মানবিক দৃষ্টিকোণ থেকে বিষয়টি বিশ্লেষণ করেন এবং সমাধানের বাস্তবসম্মত পথ তুলে ধরেন। দীর্ঘ আলোচনা ও সমঝোতার প্রচেষ্টার পর উভয় পক্ষ শেষ পর্যন্ত পারিবারিক দ্বন্দ্ব মীমাংসায় সন্মতি প্রকাশ করে এবং তালকের সিদ্ধান্ত থেকে সরে এসে সংসার টিকিয়ে রাখার বিষয়ে ইতিবাচক মনোভাব প্রকাশ করে। কেশবপুর উপজেলা সিএসও এবং রিইব হোপ টিমের সক্রিয়, দায়িত্বশীল ও মানবিক মধ্যস্থতার মাধ্যমে প্রায় সাত মাস ধরে চলমান একটি জটিল পারিবারিক দ্বন্দ্ব শান্তিপূর্ণভাবে সমাধান সম্ভব হয়। সিএসওদের এই কার্যক্রম উভয় পক্ষের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও বিশ্বাস পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং প্রমাণ করে

যে স্থানীয় পর্যায়ে সিএসওদের সময়োপযোগী ও কার্যকর উদ্যোগ ভাঙনের মুখে থাকা পরিবারকে রক্ষা করে একটি নতুন আশার পথ তৈরি করতে পারে।

প্রস্তুতকারী

খালিদ হাসান
এরিয়া সমন্বয়কারী
হোপ প্রকল্প (রিইব)